

## সৌরশক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প।

সেচযন্ত্র পরিচালনায় দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা নিরসনে প্রত্যন্ত অঞ্চলে সৌরশক্তি নির্ভর সেচ সুবিধা ও খাদ্য নিরাপত্তায় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি দেশের আট বিভাগের ৩৫টি এলাকায় সম্প্রসারণে সৌরশক্তি ভিত্তিক সেচের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ ও এর বহুমুখী ব্যবহার শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প জুলাই, ২০১৭ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নায়ন করা হয়েছে।

### প্রকল্পের মূল উদ্দেশ্য

সৌরশক্তি নির্ভর গভীর নলকূপ স্থাপন ও দ্বি-স্তর কৃষি প্রযুক্তির বিস্তার/সম্প্রসারণের মাধ্যমে বিদ্যুতের ব্যবহার কমানোসহ একর প্রতি ফলন বৃদ্ধি ও দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ ঘাটতি রোধ এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাই এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

প্রকল্প এলাকা	:	দেশের আট বিভাগের ৩২টি জেলায় মোট ৩৫টি এলাকায় প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল।
অনুমোদিত প্রকল্প বরাদ্দ	:	৩৯৮৯.০০ লক্ষ টাকা
২০২১-২২ অর্থবছরে বরাদ্দ	:	৬১০.০০ লক্ষ টাকা
চলতি অর্থ বছরের জুন ২০২২ পর্যন্ত ব্যয়	:	৫৯৯.২০ লক্ষ টাকা
জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়	:	৩০৬৮.৬০ লক্ষ টাকা। বাস্তব অগ্রগতি ৮৬.৬৭% এবং আর্থিক অগ্রগতি ৭৬.৯৩%।

### প্রকল্পের মূল কর্মকান্ড

- ◆ সৌরশক্তি নির্ভর গভীর নলকূপ (০.৫-১ কিউসেক) স্থাপন;
- ◆ আরডিএ উদ্ভাবিত মডেলে সোলার প্ল্যান্ট এবং দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণের বিভিন্ন অবকাঠামো স্থাপন;
- ◆ দ্বি-স্তর কৃষি প্রযুক্তি প্রদর্শনী
- ◆ সেচের পানি অপচয় রোধে ভূ-গর্ভস্থ সেচ নালা (বারিড পাইপ ইরিগেশন) ও পানি বিতরণ কাঠামো তৈরী;
- ◆ প্রকল্পের পার্শ্ববর্তী গ্রামে নিরাপদ খাবার পানি সরবরাহের জন্য ওভারহেড ট্যাংক ও পানি সরবরাহ নেটওয়ার্ক স্থাপন; এবং
- ◆ দক্ষ জনশক্তি রূপান্তরের জন্য বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান ও আরডিএ ঋণ কার্যক্রম পরিচালনা করা।

### প্রকল্পের আওতায় সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ডসমূহ

- ◆ খাদ্য নিরাপত্তা অর্জন ও সেচ কাজে বিদ্যুৎ সাশ্রয়ে সহায়ক হিসেবে “আরডিএ উদ্ভাবিত সৌরশক্তি নির্ভর সেচ ও দ্বি-স্তরবিশিষ্ট কৃষি প্রযুক্তি” দেশের ৩২টি জেলার ৩৫টি এলাকায় বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে জুন ২০২২ পর্যন্ত ২৭টি এলাকায় সম্প্রসারণ করা হয়েছে। ফলে প্রতিটি এলাকায় ১৫-২০ একর জমিতে সেচ প্রদানের পাশাপাশি পার্শ্ববর্তী গ্রামে নিরাপদ খাবার পানি সরবরাহ করা হচ্ছে।
- ◆ বাস্তবায়িত ২৭টি উপপ্রকল্প এলাকার ৩২৭০ সুফলভোগী সদস্যকে বিভিন্ন আয়বর্ধনমূলক যেমন- গবাদি পশুপালন, উন্নত মৎস্য চাষ, খামার পর্যায়ে পানি ব্যবস্থাপনা ইত্যাদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



"সৌরশক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি প্রদর্শনী"



"প্রকল্প কার্যক্রম পরিদর্শন করছেন জনাব এস এম হামিদুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আইএমইডি"



উপ-প্রকল্প এলাকার সুফলভোগীদের সাথে উঠোন বৈঠক করছেন আরডিএ, বগুড়া'র মহাপরিচালক ও অতিরিক্ত সচিব জনাব খলিল আহমদ



উপ-প্রকল্প এলাকা পরিদর্শন করছেন জনাব মোঃ রাশিদুল ইসলাম, অতিরিক্ত সচিব



"সৌর শক্তি নির্ভর সেচ প্রকল্পের মাধ্যমে স্থাপিত নলকূপের পানি সেচের পাশাপাশি গৃহস্থালী কাজে ব্যবহার"